



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
আলিয়া মাদ্রাসা রোড, বাগেরহাট

"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

স্মারক নং- জামস/জেশা/বাগের/ড্রেড/খ-৩৪/৭৭৪

তারিখ: ০১/০২/২০২৪খ্রিঃ

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি-(সেলাই ও এমব্রয়ডারি)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে জাতীয় জাতীয় মহিলা সংস্থা বাগেরহাট জেলা কার্যালয়ে আগামী মার্চ/২০২৪ খ্রিঃ থেকে জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত চার মাস মেয়াদী সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণের জন্য ৩০ জন মহিলা প্রশিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	ব্যাচ নং	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষার্থীর সংখ্যা	প্রশিক্ষার্থীর বয়স	সময় সূচী
সেলাই ও এমব্রয়ডারি	৮৩	৪ মাস	ন্যূনতম ৫ম শ্রেণী পাশ	(১৫+১৫)= ৩০ ২ (দুই) শিফট	১৮ -৪৫ বছর	সকাল-৯.৩০-১২.৩০ বিকাল-১.০০- ৪.০০

শর্তাবলী সমূহ নিম্নরূপঃ-

- ১। অত্র দপ্তর হতে ছাপানো নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ২। আবেদন ফরম জমা দেওয়ার সময় আবেদনকারীকে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র, পৌরসভা মেয়র/ইউপি চেয়ারম্যান এর নিকট থেকে নাগরিকত্বের সনদ এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ এর ফটোকপি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। প্রশিক্ষার্থীর বয়স ১৮ থেকে ৪৫ বছর পর্যন্ত হতে হবে।
- ৩। নির্বাচনী বোর্ডের দ্বারা সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রশিক্ষার্থী নির্বাচন করা হবে।
- ৪। ড্রেড কোর্সের মেয়াদ ৪ (চার) মাস। সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস হবে। সাপ্তাহিক এবং সরকারী ছুটির দিন ক্লাস বন্ধ থাকবে। প্রতি শিফটে ১৫ জন করে দুই শিফটে মোট ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ দেয়া হবে। প্রথম শিফট সকাল ৯.৩০ মিনিট থেকে ১২.৩০ মিনিট পর্যন্ত এবং দ্বিতীয় শিফট দুপুর ১.০০ মিনিট থেকে ৪.০০ পর্যন্ত।
- ৫। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষার্থী নিয়ম শৃংখলার পরিপন্থি কোন কাজ করলে তার ভর্তি বাতিল করা হবে।
- ৬। দারিদ্র, বিত্তহীন, অসহায় ও অবহেলিত মহিলাদের উৎপাদনমুখী ও কর্মক্ষম করে গড়ে তোলার লক্ষ্যে বিনামূল্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৭। ফরম সংগ্রহের সময় ১২/০২/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৩/০২/২০২৪ খ্রিঃ পর্যন্ত সকাল ১০টা হতে ১১টা পর্যন্ত ১ ঘন্টা। আবেদন পত্র জমা দেয়ার শেষ সময় ২০/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত। ২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখে বাছাই ও সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।
- ৮। প্রশিক্ষার্থী নির্বাচন/ ভর্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত/-

(এ্যাড. শরীফা খানম)

চেয়ারম্যান

জাতীয় মহিলা সংস্থা

বাগেরহাট জেলা কার্যালয়।

স্মারক নং- জামস/জেশা/বাগের/ড্রেড/খ-৩৪/৭৭৪

তারিখ: ০১/১০/২০২৪খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বাগেরহাট, মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাগেরহাট।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, (সকল) বাগেরহাট।
- ৫। সহকারী প্রোগ্রামার, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা), বাগেরহাট। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জনাব..... সদস্য (সকল) জেলা কমিটি, জাতীয় মহিলা সংস্থা, বাগেরহাট।
- ৭। অফিস কপি।

৭৩৫, ২৪৯৫
৩৭১

(এ্যাড. শরীফা খানম)

চেয়ারম্যান

জাতীয় মহিলা সংস্থা

বাগেরহাট জেলা কার্যালয়।